

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৫. ৫. ৬. মাঝে মাঝে কারণ ছাড়াই আঙ্গুর-রস মদে পরিণত হয়!

বাংলা বাইবেলগুলোতে 'ওয়াইনের' অনুবাদ অধিকাংশ ক্ষেত্রে দ্রাক্ষারস বা আঙ্গুর-রস লেখা হলেও মাঝে মাঝে মদ লেখা হয়েছে। মাঝে মাঝেই আমরা দেখি যে, ইংরেজি 'ওয়াইন' নিরীহ আঙ্গুর রস থেকে মদে পরিণত হয়েছে! কয়েকটা নমুনা দেখুন:

(How long wilt thou be drunken? put away thy wine from thee) "তুমি মদ খেয়ে আর কতক্ষণ নিজেকে মাতাল করে রাখবে, মদ আর খেয়ো না।" (১ শামুয়েল ১/১৪)। (drink the wine of violence): "জুলুম হল তাদের মদ" (মেসাল/ হিতোপদেশ ৪/১৭)। (Wine is a mocker): যে লোক মদানো আঙ্গুর-রস খেয়ে মাতাল হয় সে ঠাট্টা-বিদ্রূপ করে।" (মেসাল ২০/১) (They that tarry long at the wine; they that go to seek mixed wine. Look not thou upon the wine when it is red) যারা অনেকক্ষণ ধরে মদ খায় তাদেরই এই রকম হয়; তারা মিশানো মদ খেয়ে দেখবার জন্য তার খোঁজে যায়। মদের দিকে তাকায়ো না যদিও তা লাল রঙ্গের।" (মেসাল ২৩/৩০-৩১) (it is not for kings to drink wine) "বাদশাহদের পক্ষে মাদানো আঙ্গুর রস খাওয়া উপযুক্ত নয়।" (মেসাল: ৩১/৪)

(they shall be drunken with their own blood, as with sweet wine) "তারা মদের মত করে নিজেদের রক্ত খেয়ে মাতাল হবে।" (ইশাইয়া ৪৯/২৬)। (all ye drinkers of wine, because of the new wine; for it is cut off from your mouth): "ওহে সমস্ত মদখোর, তোমরা টাটকা আঙ্গুর-রসের মদের জন্য বিলাপ কর; কারণ তা তোমাদের মুখ থেকে কেড়ে নেওয়া হয়েছে।" (যোয়েল ১/৫)। (These men are full of new wine) "ওরা মদ খেয়ে মাতাল হয়েছে।" (প্রেরিত ২/১৩)। (the wine of the wrath of her fornication): "জেনার ভয়ংকর মদ" (প্রকাশিত কালাম ১৪/৮; ১৮/৩)। (the wine of the wrath of God): "আল্লাহর গজবের মদ" (প্রকাশিত ১৪/১০)। (the wine of the fierceness of his wrath): "তাঁর গজবের ভয়ংকর মদে" (প্রকাশিত ১৬/১৯)।

২০০৬ সালে বাংলাদেশ বাইবেল সোসাইটি (BBS) প্রকাশিত কিতাবুল মোকাদ্দসে উপরের সকল স্থানে 'ওয়াইন' শব্দটার অনুবাদে মদ বা মদানো আঙ্গুর-রস বলা হয়েছে। অথচ একই শব্দকে একই প্রসঙ্গে অন্যান্য স্থানে আঙ্গুর-রস বলা হয়েছে। উল্লেখ্য যে, ২০১৩ সালে প্রকাশিত বাচিপ (BACIB) পরিবেশিত কিতাবুল মোকাদ্দসে আবার অধিকাংশ মদকেই আঙ্গুর রস বানানো হয়েছে। তবে দু'-এক স্থানে তা মদই রয়ে গিয়েছে (যেমন মেসাল ৩১/৪)। আবার অনেক স্থানে ওয়াইন শব্দটার অনুবাদ বাদ দিয়ে শুধু মাতাল বা মতলামি শব্দ ব্যবহার করা হয়েছে: (be not drunk with wine) "মাতাল হয়ো না..।" (ইফিষীয় ৫/১৮)। (Not given to wine, no striker): "তিনি যেন মাতাল বা বদমেজাজী না হন।" (১ তীমথিয় ৩/৩)। (not given to much wine) "তাঁরা যেন মাতাল না হন..."। (১ তীমথিয় ৩/৮)। (not given to wine, no striker): "মাতাল বা বদমেজাজী" (তীত



১/৭)। (not given to much wine): "মাতাল হওয়া তাঁদের উচিত নয়।" (তীত ২/৩)। (excess of wine): "মাতলামি করে।" (১ পিতর ৪/৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13860

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন